**হজ সর্বোচ্চ অগ্রাধিকার**

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
রোগ নিয়ন্ত্রণ শাখা
স্বাস্থ্য অধিদপ্তর
মহাখালী,ঢাকা-১২১২।

স্মারক নং স্বাঃঅধিঃ/রোনিঃ/হচিদ/০৬/২০১৫/ ২৮৫৮ তারিখঃ- ০৫/০১/২০২৫ইং

বরাবর,

১। পরিচালক,................................................................. (সকল)।
২। পরিচালক, মেডিকেল কলেজ হাসপাতাল.................................... (সকল)।
৩। অধ্যক্ষ, মেডিকেল কলেজ ....................................................... (সকল)।
৪। বিভাগীয় পরিচালক (স্বাস্থ্য),
ঢাকা/চট্টগ্রাম/রাজশাহী/খুলনা/সিলেট/বরিশাল/রংপুর/ময়মনসিংহ বিভাগ ।
৫। সিভিল সার্জন/তত্ত্বাবধায়ক,.................................................. (সকল)।
৬। উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তা.......................................... (সকল)।

বিষয়ঃ- **২০২৫ সালের হজ চিকিৎসক দলের সদস্য মনোনয়নের প্রস্তাব প্রেরণ প্রসংগে।**

সূত্রঃ- (১) স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় স্মারক নং- ৪৫.০০.০০০০.১৬১.৮২.০০২.২৪-০১ তাং ০১/০১/২০২৫ইং ।
(২) ধর্ম বিষয়ক মন্ত্রণালয়ের স্মারক নং- ১৬.০০.০০০০.০০৩.৪০.০০১.২৩.১২৩০ তাং ২৩/১২/২০২৪ইং ।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, আগামী ০৫ই জুন, ২০২৫ইং (চাঁদ দেখা সাপেক্ষে) পবিত্র হজ অনুষ্ঠিত হবে। ধর্ম বিষয়ক মন্ত্রণালয়ের চাহিদার প্রেক্ষিতে স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, স্বাস্থ্য সেবা বিভাগ সূত্রস্থ ১ নং স্মারকের মাধ্যমে ২০২৫ সালের হজ চিকিৎসক দল গঠনের নিমিত্তে চিকিৎসক, নার্স/ব্রাদার, ফার্মাসিষ্ট, ল্যাব/ওটি এ্যাসিসটেন্ট সমন্বয়ে সমন্বিত হজ চিকিৎসক দল গঠন করা হবে। সমন্বিত হজ চিকিৎসক টিমের সদস্য প্রাথমিকভাবে মনোনয়ন পূর্বক আগামী ০৭ই জানুয়ারী ২০২৫ইং এর মধ্যে মন্ত্রণালয়ে প্রেরণ করার জন্য অনুরোধ করেছেন। সেই প্রেক্ষিতে হজ চিকিৎসক দল গঠনের জন্য কার্ডিওলজিষ্ট, অর্থপেডিক্স, ইউরোলজিষ্ট, গাইনী, চক্ষু বিশেষজ্ঞ, ডেন্টিস্ট, নিউরো মেডিসিন বিশেষজ্ঞ, মানসিক রোগ, নাক, কান ও গলা, এন্ড্রোক্রাইনোলজিষ্ট, বক্ষব্যাধি বিশেষজ্ঞ, গ্যাস্ট্রোএন্টেরোলজিষ্ট, সার্জারি বিশেষজ্ঞ, মেডিসিন বিশেষজ্ঞ ও জেনারেল প্র্যাকটিশনার (পুরুষ ও মহিলা), ফার্মাসিষ্ট এবং ল্যাব/ওটি এ্যাসিসটেন্টদের নামের তালিকা প্রেরণ করা প্রয়োজন।

এমতাবস্থায় আপনার অধিনে কর্মরত আগ্রহী চিকিৎসক, ফার্মাসিষ্ট ও ল্যাব/ওটি এ্যাসিসটেন্টদের নাম প্রস্তাব করে তাদের আবেদনপত্র, জীবন বৃত্তান্তসহ আগামী ০৭/০১/২০২৫ইং তারিখ দুপুর ১২-০০ ঘটিকার মধ্যে নিম্ন স্বাক্ষরকারীর বরাবরে প্রেরণ করার জন্য বিশেষভাবে অনুরোধ করা হলো।

সংযুক্তঃ- ১) ধর্ম বিষয়ক মন্ত্রণালয়ের পত্র।
২) হজ চিকিৎসক দলে অন্তর্ভূক্তির জন্য বায়োডাটা ফরম।

05.01.25
অধ্যাপক ডাঃ মোঃ হালিমুর রশীদ
লাইন ডাইরেক্টর, সিডিসি
স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।

অনুলিপি সদয় জ্ঞাতার্থে ঃ

১। মহাপরিচালক,স্বাস্থ্য অধিদপ্তর,মহাখালী,ঢাকা।(দৃষ্টি আকর্ষণ ঃ সহকারী পরিচালক, সমন্বয়)।
২। অতিরিক্ত মহাপরিচালক (প্রশাসন), স্বাস্থ্য অধিদপ্তর,মহাখালী,ঢাকা।
৩। অতিরিক্ত সচিব, হাসপাতাল, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়,বাংলাদেশ সচিবালয়,ঢাকা।
৪। উপসচিব, সরকারী স্বাস্থ্য ব্যবস্থাপনা-২ অধিশাখা,স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়,ঢাকা।
৫। সিস্টেম এনালিষ্ট, এমআইএস শাখা, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা। পত্রটি ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো।
৬। নোটিশ বোর্ড ।

# হজ স্বাস্থ্য সেবা দলে অর্ন্তভূক্তির জন্য আবেদনের নমুনা ফরম

পাসপোর্ট সাইজের এক কপি ছবি সংযুক্ত করতে হবে।

০১। নাম ঃ

০২। পদবী ঃ

০৩। কোড নং (প্রযোজ্য ক্ষেত্রে) ঃ

০৪। রেজিষ্ট্রেশন নম্বর (প্রযোজ্য ক্ষেত্রে) ঃ

০৫। জাতীয় পরিচয় পত্র নং ঃ

০৬। পাসপোর্ট নং ও মেয়াদোর্ত্তীনের তারিখ ঃ

০৭। জন্ম তারিখ ঃ

০৮। পিতার নাম ঃ

০৯। মাতার নাম ঃ

১০। বর্তমান ঠিকানা (কর্মস্থল) ঃ

১১। স্থায়ী ঠিকানা ঃ

১২। জরুরী প্রয়োজনে যোগাযোগ
(ক) নাম ও সম্পর্ক ঃ
(খ) মোবাইল নম্বর ঃ

১৩। ইতঃপূর্বে সরকারি অর্থায়নে হজ করেছেন কিনা ঃ হ্যা/না

(ক) প্রশাসনিক দল/হজ চিকিৎসক দল/
হজ চিকিৎসক সহায়তা দল
(খ) বছর/সাল

১৪। আবেদনকারীর অনুপস্থিতে বিকল্প দায়িত্ব পালনকারীর নাম, পদবী ঃ

১৫। আবেদনকারীর তারিখসহ স্বাক্ষরঃ

১৬। আবেদনকারীর শারিরীক সুস্থতা সংক্রান্ত প্রত্যয়ন ঃ

১৭। স্থানীয় নিয়ন্ত্রণকারী কর্তৃপক্ষের সুপারিশসহ স্বাক্ষর ও তারিখ ঃ

Diary No............Date..............
Deputy Director..............................
Program Manager..............................
DPM...IHR.......................................
Asst. Director...................................
P & S.O...........................................
Control Room...................................
PA To DC.........................................
Mr................................................. 05.1.25

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
স্বাস্থ্য সেবা বিভাগ
সরকারি স্বাস্থ্য ব্যবস্থাপনা-২ শাখা
www.hsd.gov.bd

স্মারক নং-৪৫.০০.০০০০.১৬১.৮২.০০২.২৪-০৯ তারিখ: ১৭ পৌষ ১৪৩১ বঙ্গাব্দ
০১ জানুয়ারি ২০২৫ খ্রিষ্টাব্দ

**বিষয়: ২০২৫ সনের হজে সমন্বিত চিকিৎসক দলের সদস্য মনোনয়ন সংক্রান্ত।**

সূত্র: হজ-২ শাখা, ধর্ম বিষয়ক মন্ত্রণালয় হতে প্রাপ্ত পত্র নং-১২৩০, তারিখ: ২৩ ডিসেম্বর, ২০২৪ খ্রি.।

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত স্মারকে ধর্ম মন্ত্রণালয় হতে জানানো হয়েছে যে, ২০২৫ সনের হজে হজযাত্রীদের চিকিৎসা সেবা প্রদানের লক্ষ্যে সৌদি আরবের মক্কা, মদিনা ও জেদ্দায় বাংলাদেশ সরকারের পক্ষ হতে মেডিকেল সেন্টার স্থাপন করা হবে। মেডিকেল সেন্টার হতে হজযাত্রীদের চিকিৎসা সেবা প্রদানের লক্ষ্যে চিকিৎসক, নার্স/ব্রাদার, ফার্মাসিস্ট ও ল্যাব/ওটি এ্যাসিসটেন্ট সমন্বয়ে সমন্বিত হজ চিকিৎসক টিম গঠন করা হবে। সমন্বিত হজ চিকিৎসক টিমের সদস্য প্রাথমিকভাবে মনোনয়নপূর্বক মেডিকেল টিমের তালিকা আগামী ০৮ জানুয়ারি ২০২৫ তারিখের মধ্যে ধর্ম বিষয়ক মন্ত্রণালয়ে প্রেরণের জন্য অনুরোধ করা হয়েছে।

এমতাবস্থায়, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়ের নির্দেশনা মোতাবেক পবিত্র হজ ২০২৫ সনের হজে সমন্বিত চিকিৎসক দলের সদস্য মনোনয়নপূর্বক (সংযুক্ত তালিকা মোতাবেক) আগামী ০৭/০১/২০২৫ তারিখের মধ্যে এ বিভাগে প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তি: বর্ণনামতে,

০১/০১/২০২৫

(সুশান্ত কুমার মাহাতো)
সিনিয়র সহকারী সচিব
ফোন-৯৫৪৬৫২০
ghm2@hsd.gov.bd

**বিতরণ:**

১. মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
২. মহাপরিচালক, নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
৩. সিভিল সার্জন, বাংলাদেশ সচিবালয় ক্লিনিক, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

**অনুলিপি (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :**

১. উপসচিব (হজ-২ শাখা), ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. উপদেষ্টা মহোদয়ের একান্ত সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
৩. বিশেষ সহকারী মহোদয়ের একান্ত সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
৪. সচিব মহোদয়ের একান্ত সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
৫. অতিরিক্ত সচিব (হাসপাতাল) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
৬. যুগ্মসচিব (সর.স্বা.ব্য.) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।

Scanned with CamScanner

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ধর্ম বিষয়ক মন্ত্রণালয়
হজ-২ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.mora.gov.bd

নম্বর- ১৬.০০.০০০০.০০৩.৪০.০০১.২৩.১২৩০

০৮ পৌষ ১৪৩১
২৩ ডিসেম্বর ২০২৪

বিষয়: ২০২৫ সনের হজে সমন্বিত চিকিৎসক দলের সদস্য মনোনয়ন প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, ২০২৫ সনের হজে হজযাত্রীদের চিকিৎসা সেবা প্রদানের লক্ষ্যে মক্কা, মদিনা ও জেদ্দায় বাংলাদেশ সরকারের পক্ষ হতে মেডিকেল সেন্টার স্থাপন করা হবে। মেডিকেল সেন্টার হতে হজযাত্রীদের চিকিৎসা সেবা প্রদানের লক্ষ্যে চিকিৎসক, নার্স/ব্রাদার, ফার্মাসিস্ট, ল্যাব/ওটি এ্যাসিসটেন্ট সমন্বয়ে সমন্বিত হজ চিকিৎসক টিম গঠন করা হবে। চিকিৎসা সেবা প্রদানের লক্ষ্যে সমন্বিত হজ চিকিৎসক টিমের সদস্য নিম্নবর্ণিত শর্তাধীনে মনোনয়নপূর্বক নামের তালিকা আগামী ০৮ জানুয়ারি ২০২৫ তারিখের মধ্যে এ মন্ত্রণালয়ের হজ অনুবিভাগে প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো:

০২। সমন্বিত চিকিৎসক দলের সদস্যদের বিভাজন নিম্নরূপ:

| ক্রম | মন্ত্রণালয়/বিভাগ | ডাক্তার | নার্স/ব্রাদার | ফার্মাসিস্ট | ল্যাব/ওটি এ্যাসিসটেন্ট | মোট |
|---|---|---|---|---|---|---|
| ১. | স্বাস্থ্য সেবা বিভাগ | ৩৩ | ২২ | ১১ | ৮ | ৭৪ |
| ২. | স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ | ৮ | ৬ | ৪ | ২ | ২০ |
| ৩. | প্রতিরক্ষা মন্ত্রণালয় | ৮ | ৫ | ৩ | ১ | ১৭ |
| ৪. | ইসলামিক মিশন হাসপাতাল | ৮ | ২ | ৩ | ২ | ১৫ |
| ৫. | সরকারি কর্মচারী হাসপাতাল | ২ | ৩ | ২ | ১ | ৮ |
| ৬. | বাংলাদেশ সচিবালয় ক্লিনিক | ১ | ২ | ১ | ১ | ৫ |

| বিশেষায়িত চিকিৎসক ক্যাটাগরি (জন) | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| মন্ত্রণালয়/ বিভাগ/ সংস্থার নাম | কার্ডিও | অর্থপেডিক্স | ইউরোলজিস্ট | গাইনী | চক্ষু বিশেষজ্ঞ | ডেন্টিস্ট | নিউরোমেডিসিন | মানসিক রোগ | নাক-কান ও গলা | এনড্রোক্রাইনোলজি | বক্ষব্যাধি | গ্যাস্ট্রোএন্টেরোলজি | সার্জারি বিশেষজ্ঞ | মেডিসিন বিশেষজ্ঞ | জেনারেল প্রাকটিশনার | মোট |
| (১) | (২) | (২) | (৩) | (৪) | (৫) | (৬) | (৭) | (৮) | (৯) | (১০) | (১১) | (১২) | (১৩) | (১৪) | (১৫) | (১৬) |
| স্বাস্থ্য সেবা বিভাগ | ২ | ১ | ১ | ২ | ১ | ১ | ১ | ২ | ১ | ১ | ২ | ১ | ১ | ২ | ১৪ | ৩৩ |
| স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ | ১ | | ১ | ১ | ১ | - | - | - | - | - | - | - | ১ | ২ | ১ | ৮ |
| প্রতিরক্ষা মন্ত্রণালয় | ১ | - | - | ১ | ১ | ১ | - | - | ১ | ১ | - | - | - | - | ২ | ৮ |
| ইসলামিক মিশন হাসপাতাল | - | ১ | - | - | ১ | - | - | - | - | - | ১ | - | - | ১ | ৪ | ৮ |
| সরকারি কর্মচারী হাসপাতাল | - | - | - | - | - | - | - | - | - | - | - | - | - | - | ২ | ২ |
| বাংলাদেশ সচিবালয় ক্লিনিক | - | - | - | - | - | - | - | - | - | - | - | - | - | - | ১ | ১ |

০৩। <u>চিকিৎসক, নার্স/ব্রাদার, ল্যাব/ওটি এ্যাসিসটেন্ট এবং ফার্মাসিস্ট মনোনয়নের শর্তাবলী:</u>

৩.১ **মনোনীত চিকিৎসকদের সর্বোর্চ্চ ১০% কে ইতোপূর্বে সমন্বিত হজ চিকিৎসক টিমের সদস্য হিসেবে দায়িত্ব পালনের অভিজ্ঞতা সম্পন্ন হতে হবে,** যা সরকারি কর্মচারী হাসপাতাল ও বাংলাদেশ সচিবালয় ক্লিনিক এর জন্য প্রযোজ্য হবে না;

৩.২ **ইতোপূর্বে চিকিৎসক টিমের সদস্য হিসেবে সৌদি আরব গিয়েছেন এমন নার্স/ব্রাদার, ল্যাব/ওটি এ্যাসিসটেন্ট এবং ফার্মাসিস্ট মনোনয়ন দেয়া যাবে না;**

৩.৩ সমন্বিত চিকিৎসক টিমের কোন সদস্য তার স্পাউজ, সন্তান বা আত্মীয়-স্বজনকে সৌদি আরবে সঙ্গে নিতে ও রাখতে পারবেন না;

D:\MaHibBul.\Medical Tem 2023-2024-2025\All 2025\Genaral Latter -2024.doc

Scanned with CamScanner

৩.৪ প্রশাসনিক কাজের প্রকৃতি ও প্রেক্ষাপট বিবেচনায় ধর্ম বিষয়ক মন্ত্রণালয় সমন্বিত হজ চিকিৎসক টিমের দলনেতা এবং উপ-দলনেতা নির্ধারণ করবে;

৩.৫ সংশ্লিষ্ট মন্ত্রণালয়/দপ্তর কাউকে টিম লিডার হিসেবে মনোনয়নের প্রস্তাব করতে চাইলে তাকে ইতোপূর্বে সমন্বিত হজ চিকিৎসক টিমের ডেপুটি টীম লীডার হিসেবে দায়িত্ব পালনের অভিজ্ঞতা সম্পন্ন হতে হবে;

৩.৬ সমন্বিত হজ চিকিৎসক টিমের সদস্যগণ সৌদি আরবে কাউন্সেলর (হজ) ক্ষেত্রবিশেষে মৌসুমী হজ অফিসারের তত্ত্বাবধানে দায়িত্ব পালন করবেন;

৩.৭ সমন্বিত চিকিৎসক টিমের সদস্যদের হজ করার অনুমোদন পাবেন না;

৩.৮ প্রথম পর্বের দলনেতা সৌদি আরবে ঔষধ ও চিকিৎসা সামগ্রী গ্রহণ, সংরক্ষণ এবং ব্যবহার শেষে দ্বিতীয় পর্বের দলনেতার নিকট লিখিতভাবে দায়িত্ব হস্তান্তর করবেন;

৩.৯ দ্বিতীয় পর্বের দলনেতা প্রথম পর্বের দলনেতার নিকট হতে লিখিতভাবে দায়িত্ব গ্রহণ করবেন। দায়িত্ব পালন শেষে উদ্বৃত্ত ঔষধ ও চিকিৎসা সামগ্রীর তালিকা প্রণয়নপূর্বক পরবর্তী বছরের জন্য ঔষধ ও চিকিৎসা সামগ্রীর সম্ভাব্য চাহিদা কাউন্সেলর (হজ) ক্ষেত্রবিশেষে মৌসুমী হজ অফিসারের নিকট বুঝিয়ে দিবেন;

৩.১০ দলনেতা/ উপ-দলনেতা মেডিকেল সেন্টারের প্রশাসনিক কার্যাদির দায়িত্ব পালন করবেন;

৩.১১ সমন্বিত চিকিৎসক টিমের প্রত্যেক সদস্যকে বাংলাদেশের লোগো সম্বলিত এপ্রোন এবং নেইম প্লেট পদের নামসহ (ডাক্তার/নার্স/ব্রাদার্স/ফার্মাসিস্ট/ল্যাব/ওটি টেকনেশিয়ান ইত্যাদি) নিজ দায়িত্বে প্রস্তুতপূর্বক ব্যবহার করতে হবে;

৩.১২ সমন্বিত চিকিৎসক টিমের সদস্যগণ অপেক্ষাকৃত জুনিয়র হবেন;

৩.১৩ সৌদি সরকারের চাহিদার সাপেক্ষে চিকিৎসক দলের সকল সদস্যদের শিক্ষাগত ও পেশাগত সনদের আরবী ও ইংরেজী কপি প্রেরণ করতে হবে;

৩.১৪ সমন্বিত চিকিৎসক টিমের সদস্যগণের দায়িত্ব, কর্তব্য এবং পালনীয় আচরণ সংক্রান্ত বিষয়াদি সরকারি আদেশে উল্লেখ থাকবে;

৩.১৫ ধর্ম বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক জারীকৃত আদেশে উল্লিখিত/নির্ধারিত সময়ের পূর্বে সমন্বিত চিকিৎসক টিমের কোন সদস্য দেশে ফিরে আসতে পারবেনা;

৩.১৬ সমন্বিত হজ চিকিৎসক টিমের সদস্য সংখ্যা নির্ধারণ, সদস্য নির্বাচন, কর্মস্থল ও অবস্থানকাল নির্ধারণ বিষয়ে ধর্ম বিষয়ক মন্ত্রণালয়ের সিদ্ধান্ত চূড়ান্ত বলে গণ্য হবে।

২৩/১২/২০২৪


মো: রফিকুল ইসলাম
উপসচিব
ফোন: ৫৫১০১১১৯
morahajsection@gmail.com


বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১) সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২) সচিব, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩) সচিব, প্রতিরক্ষা মন্ত্রণালয়, গণভবন কমপ্লেক্স, শের-ই-বাংলা নগর, ঢাকা-১২০৭।
৪) মহাপরিচালক, সরকারি কর্মচারী হাসপাতাল, ফুলবাড়িয়া, ঢাকা।
৫) মহাপরিচালক, ইসলামিক ফাউন্ডেশন, শেরেবাংলানগর, আগারগাঁও, ঢাকা।
৬) সিভিল সার্জন, বাংলাদেশ সচিবালয় ক্লিনিক, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

নম্বর- ১৬.০০.০০০০.০০৩.৪০.০০১.২৩.১২৩০

তারিখ: ০৮ পৌষ ১৪৩১ / ২৩ ডিসেম্বর ২০২৪

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
২. মহাপরিচালক, সামরিক চিকিৎসা সার্ভিস মহাপরিদপ্তর, প্রতিরক্ষা মন্ত্রণালয়, ঢাকা সেনানিবাস।
৩. উপদেষ্টার একান্ত সচিব (যুগ্মসচিব), ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (মাননীয় উপদেষ্টার সদয় অবগতির জন্য)।
৪. সিনিয়র সচিবের একান্ত সচিব (উপসচিব), জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (সিনিয়র সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৫. সচিবের একান্ত সচিব (উপসচিব), ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৬. অফিস কপি।

২৩/১২/২০২৪


মো: রফিকুল ইসলাম
উপসচিব


Scanned with CamScanner